দৈনিক
ইনকিলাব

তারিখ 1 JUL 2013
পৃষ্ঠা ৩ কলাম ২

# ৪০ হাজার পথশিশুকে শিক্ষা কার্যক্রমে ফিরিয়ে আনার উদ্যোগ নেয়া হয়েছে -মেহের আফরোজ চুমকি

স্টাফ রিপোর্টার : মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি এমপি বলেছেন, শিশুর মানসিক বিকাশে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের পাশাপাশি শিশুর আর্থিক ক্ষমতায়নে কাজ করছে এই মন্ত্রণালয়। তিনি বলেন, ৪০ হাজার পথশিশুকে অর্থের বিনিময়ে শিক্ষা কার্যক্রমে ফিরিয়ে আনার উদ্যোগ গ্রহণ করেছে সরকার। বর্তমানে ৮ হাজার শিশু প্রতিমাসে ২ হাজার টাকা করে পাচ্ছে। তারা নিয়মিত শিক্ষা কার্যক্রমে অংশগ্রহণ করছে। মন্ত্রণালয় তাদের লেখাপড়া তদারকি করছে। পর্যায়ক্রমে সুবিধা বঞ্চিত সকল শিশুকে এই কার্যক্রমের অন্তর্ভুক্ত করা হবে।

গতকাল রাজধানীর বিয়াম ফাউন্ডেশন মিলনায়তনে বাংলাদেশ শিশু অধিকার ফোরামের উদ্যোগে আয়োজিত জাতিসংঘ শিশু অধিকার সনদের অপশনাল প্রোটকল থ্রি-এর বাস্তবায়ন বিষয়ক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

প্রতিমন্ত্রী বলেন, বাংলাদেশে শিশু অধিকারকে সমুন্নত রাখতে সরকার জাতীয় শিশু নীতি ২০১১, শিশুশ্রম নিরসন আইন ২০১০, মানব পাচার প্রতিরোধ আইন ও পর্নোগ্রাফি আইন পাস করেছে।

এছাড়া শিশুদের অধিকার সমুন্নত রাখতে আলাদা অধিদপ্তর গঠনের বিষয়ে সরকার কাজ করছে।

সেমিনারে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন শিশু অধিকার ফোরামের চেয়ারম্যান মো. ইমরানুল হক চৌধুরী, তেরে দেস হোমিস-এর কান্ট্রি ডিরেক্টর মো. মাহমুদুল কবির। কি নোট প্রেজেন্ট করেন মানুষের জন্য ফাউন্ডেশনের প্রোগ্রাম ম্যানেজার আব্দুল্লাহ আল মামুন প্রমুখ।